এলএফএমইএবি/নির্বাচন(২০২৫-২০২৭)/৩১৪/২৪ ১৬ অক্টোবর ২০২৪

সম্মানিত সকল সদস্য ভোটারবৃন্দের জন্য।

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ- লেদারগুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস্ এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এর পরবর্তী দু'বছর (২০২৫-২০২৭) মেয়াদী পরিচালনা পর্ষদের নির্বাচনের লক্ষ্যে অনুষ্ঠিতব্য নির্বাচন সংক্রান্ত তফসীল।**

লেদারগুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি)-এর সকল সদস্যবৃন্দ তথা ভোটারগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসোসিয়েশনের পরিচালনা পর্ষদের ১১৪ তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে পরবর্তী দু'বছর (২০২৫-২০২৭) মেয়াদী ১১ সদস্যবিশিষ্ট পরিচালনা পর্ষদের নির্বাচনের নিমিত্তে আমি নিম্ন স্বাক্ষরকারী এলএফএমইএবি বোর্ড কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে বিধি মোতাবেক আগামী ০৫/০১/২০২৫ইং তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নরূপ তফসীল ঘোষণা করছি:-

## নির্বাচন তফসীল

| | |
|---|---|
| ১। নির্বাচনের নোটিশ ও নির্বাচনী তফসীল ঘোষণার তারিখ | : ১৬ অক্টোবর, ২০২৪, বুধবার |
| ২। বকেয়াসহ চলতি অর্থবছরের ২০২৪-২০২৫ চাঁদা পরিশোধের সর্বশেষ তারিখ | : ০৬ নভেম্বর, ২০২৪, বুধবার |
| ৩। সদস্য প্রতিষ্ঠানের TIN, মনোনীত ভোটারের নাম ও নমুনা স্বাক্ষর এ্যাসোসিয়েশনের অফিসে দাখিলের সর্বশেষ তারিখ | : ০৭ নভেম্বর, ২০২৪, বৃহস্পতিবার |
| ৪। খসড়া ভোটার তালিকা প্রকাশ | : ১৩ নভেম্বর, ২০২৪, বুধবার |
| ৫। আপীল বোর্ড সমীপে ভোটার তালিকা সংক্রান্ত আপত্তি প্রদানের তারিখ | : ১৯ নভেম্বর, ২০২৪, মঙ্গলবার |
| ৬। আপীল বোর্ড কর্তৃক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তি শুনানীর তারিখ | : ২১ নভেম্বর, ২০২৪, বৃহস্পতিবার |
| ৭। চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : ২৪ নভেম্বর, ২০২৪, রবিবার |
| ৮। মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিলের তারিখ/সময়সীমা | : ০১-০৩ ডিসেম্বর ২০২৪ |
| ৯। মনোনয়ন পত্র বাছাই | : ০৫ ডিসেম্বর, ২০২৪, বৃহস্পতিবার (অপরাহ্ণ ৩:০০ টা) |
| ১০। চূড়ান্ত মনোনয়ন পত্র প্রকাশ | : ০৮ ডিসেম্বর, ২০২৪, রবিবার |



Harbour Gulshan Link (1st & 2nd Floor), Ta-94/B Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel: (88) 02 58810271-2, E-mail: info@Lfmeab.org, Website: www.Lfmeab.org, T.O. License 17/2003

| | |
|---|---|
| ১১। (ক) নির্বাচন আপীল বোর্ডের নিকট মনোনয়ন বাতিল সংক্রান্ত আপত্তির তারিখ | : ১১ ডিসেম্বর, ২০২৪, বুধবার |
| (খ) আপিল শুনানি ও নিস্পত্তির তারিখ | : ১২ ডিসেম্বর, ২০২৪, বৃহস্পতিবার |
| ১২। চুড়ান্ত মনোনয়ন তালিকা প্রকাশ | : ১৫ ডিসেম্বর, ২০২৪, রবিবার (অপরাহ্ন ৩.০০ টা) |
| ১৩ । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ | : ১৮ ডিসেম্বর, ২০২৪, বুধবার |
| **১৪। নির্বাচন অনুষ্ঠানের তারিখ** | **: ০৫ জানুয়ারী ২০২৫, রবিবার** |
| ১৫। নির্বাচন স্থান ও সময় | : এলএফএমইএবি-র অফিস সকাল ০৯:০০টা - বিকাল ৩:০০টা |
| ১৬। নির্বাচনের অফিসিয়াল ফলাফল ঘোষণা | : ০৫ জানুয়ারী ২০২৫, রবিবার, (বিকাল ৫.০০টা) |
| ১৭। নির্বাচন ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ ও শেষ সময় | : ০৬ জানুয়ারী ২০২৫, সোমবার (বেলা ২ টার মধ্যে ) |
| ১৮। আপীল বোর্ড কর্তৃক আপত্তি নিষ্পত্তির তারিখ/সময়সীমা | : ০৬ জানুয়ারী ২০২৫, সোমবার (বিকাল ৫.০০টা) |
| ১৯। নির্বাচন বোর্ড কর্তৃক প্রয়োজনে চূড়ান্ত ফলাফল ঘোষণা | : ০৭ জানুয়ারী ২০২৫, মঙ্গলবার (সকাল ১০.০০টা) |
| ২০। নব-নির্বাচিত সদস্যদের দ্বারা সভাপতি ও সহ-সভাপতিগণের নির্বাচন | : ০৭ জানুয়ারী ২০২৫, মঙ্গলবার (সকাল ১১.০০টা) |

নির্বাচন বোর্ড ও আপীল বোর্ডের সংগঠন, আচরণবিধি ও নির্বাচন নিয়মাবলী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সর্বাত্মক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

**জনাব চাকলাদার এম আলম, এফসিএ**
**চেয়ারম্যান, নির্বাচন বোর্ড**

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী



Harbour Gulshan Link (1st & 2nd Floor), Ta-94/B Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel: (88) 02 58810271-2, E-mail: info@Lfmeab.org, Website: www.Lfmeab.org, T.O. License 17/2003

## নির্বাচন বোর্ড ও আপীল বোর্ড

সুষ্ঠ নির্বাচনের জন্য এসোসিয়েশনের পরিচালনা পর্ষদের ১১৪ তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাচন বোর্ড এবং তিন সদস্য বিশিষ্ট আপীল বোর্ড গঠন করা হয়।

### নির্বাচন বোর্ড

| | |
|---|---|
| ১। জনাব চাকলাদার এম আলম, এফসিএ<br>চেয়ারম্যান, কাপিতা<br>হাউজ - ৬২, রোড-১৫, ব্লক- সি,<br>বনানী, ঢাকা | চেয়ারম্যান |
| ২। জনাব শাহেদুল ইসলাম (হেলাল)<br>ব্যবস্থাপনা পরিচালক,<br>বেঙ্গল প্যাসিফিক প্রা: লি: | সদস্য |
| ৩। জনাব শাহিদ হুসেইন শামিম<br>সিনিয়র ভাইস প্রেসিডেন্ট,<br>বাংলাক্র্যাফট | সদস্য |

### আপীল বোর্ড

| | |
|---|---|
| ১ । জনাব শওকত আলী খান<br>যুগ্ম সচিব (অব), বানিজ্য মন্ত্রনালয়<br>বাসা-২২, রোড-১১, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা | চেয়ারম্যান |
| ২। জনাব মোঃ মমিনুল আহসান<br>ব্যবস্থাপনা পরিচালক, ই-জোন এইচআরএম লিঃ<br>প্লানা টাওয়ার (১১তম তলা)<br>১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। | সদস্য |
| ৩। জনাব মোঃ ইউসূফ<br>সিনিয়র কনসালটেন্ট, (এস ও ই গভর্নেন্স)<br>পাবলিক ফিন্যানসিয়্যাল ম্যানেজমেন্ট প্রোগ্রাম | সদস্য |

চেয়ারম্যান, নির্বাচন বোর্ড



Harbour Gulshan Link (1st & 2nd Floor), Ta-94/B Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel: (88) 02 58810271-2, E-mail: info@Lfmeab.org, Website: www.Lfmeab.org, T.O. License 17/2003

# নির্বাচন আচরণবিধি
## এলএফএমইএবি নির্বাচনঃ ২০২৫-২০২৭

নির্বাচন তফসিল জারী করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে, লংঘিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তাঁর প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে, যথা:-

১। নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাবে না ।

২। মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে ।

৩। ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাবে না ।

৪। কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান এবং তাতে অংশগ্রহণ করতে পারবেন।

৫। কোন প্রার্থী প্রয়োজনবোধে মোবাইল এসএমএস, হোয়াটসঅ্যাপ, ইমেইল এর মাধ্যমে ভোটারদের নিকট ভোট প্রাথনা করতে পারবেন।

৬। নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

৭। নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাঁর সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারন ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে ।

৮। নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবেন না ।

৯। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। কক্ষের বাইরে ব্যালট পত্র নেওয়া যাবে না ।

১০। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচণ বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘণ অথবা অসদাচর, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিস্কার করতে পারবেন।

১১। কোন প্রার্থী, ভোটগ্রহণ কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

১২। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নন কিংবা জাল ভোট দান কিংবা ইতিমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘণের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।

১৩। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে বিধান অনুসরণপূর্বক তাঁর প্রার্থীপদ বাতিল করা যাবে ।

১৪। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিয়োগ করবেন।

১৫। নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করতে পারবেন।

১৬। এসোসিয়েশনের কার্যালয়ে ভোট কেন্দ্র স্থাপিত হবে এবং কোন ভোটার বা কোন প্রার্থী কোন অবস্থাতেই ভোট কেন্দ্র পরিবর্তনের দাবি জানাতে পারবেন না ।

চেয়ারম্যান, নির্বাচন বোর্ড



Harbour Gulshan Link (1st & 2nd Floor), Ta-94/B Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel: (88) 02 58810271-2, E-mail: info@Lfmeab.org, Website: www.Lfmeab.org, T.O. License 17/2003

LFMEAB
Leathergoods And Footwear Manufacturers & Exporters
Association of Bangladesh

## নির্বাচন নিয়মাবলী
## এলএফএমইএবি নির্বাচনঃ ২০২৫-২০২৭

১। সকল সদস্য কারখানা থেকে সর্বোচ্চ একজন ভোটদানে অংশগ্রহন করতে পারবেন।

২। নির্বাচন তারিখের পূর্ববর্তী ১২০ দিনের মধ্যে সদস্য হয়েছেন বা নির্বাচন তারিখের পূর্ববর্তী ৬০তম দিন পর্যন্ত এসোসিয়েশনের চাঁদা বকেয়া রেখেছেন, এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারবেন না।

৩। বৈধ প্রার্থীর সংখ্যা নির্বাচনযোগ্য সদস্য-সংখ্যার সমান বা তদাপেক্ষা কম হলে ভোট গ্রহণের প্রয়োজন হবে না এবং মনোনীত প্রার্থীগণ নির্বাচিত হয়েছে মর্মে ঘোষণা করা হবে।

৪। খসড়া ভোটার তালিকা এলএফএমইএবি এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৫। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ভোটারগণই শুধুমাত্র মনোনয়নপত্র গ্রহন করতে পারবেন।

৬। নবনির্বাচিত পরিচালনা পর্ষদ তাঁদের মধ্যে থেকে নিম্নভাবে অফিস বেয়ারার নির্বাচন করবেনঃ

| | |
|---|---|
| ক. প্রেসিডেন্ট | ১ জন |
| খ. সিনিয়র ভাইস প্রেসিডেন্ট | ১ জন |
| গ. ভাইস প্রেসিডেন্ট | ২ জন |
| ঘ. পরিচালক | ৭ জন |

চেয়ারম্যান, নির্বাচন বোর্ড



Harbour Gulshan Link (1st & 2nd Floor), Ta-94/B Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh
Tel: (88) 02 58810271-2, E-mail: info@Lfmeab.org, Website: www.Lfmeab.org, T.O. License 17/2003